# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

২০২০ সন থেকে ২০২৩ সন পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২৫ সনের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করে কেবল তারাই ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ভর্তি প্রার্থীরা ২৯/১০/২০২৫ তারিখ দুপুর ১২:০০টা থেকে ১৬/১১/২০২৫ তারিখ রাত ১১:৫৯ মি: পর্যন্ত Dhaka University Admission Website (https://admission.eis.du.ac.bd)-এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে। আবেদন ফি ১০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা, আইবিএ ইউনিটের আবেদন ফি ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং চারুকলা ইউনিটের আবেদন ফি ১২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা। চারটি রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী) যে কোন শাখায় অথবা অনলাইনে ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফিনান্সিয়াল সেবা ব্যবহার করে শিক্ষার্থীরা আবেদন ফি জমা দিবে। শিক্ষার্থীরা নিম্নোক্ত ০৫ (পাঁচ) টি ইউনিটে আবেদন করতে পারবে। আবেদনের যোগ্যতাসহ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে প্রদত্ত সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি নির্দেশিকায় উল্লেখ থাকবে।

| | |
|---|---|
| বিজ্ঞান ইউনিট | বিজ্ঞান অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, ফার্মেসী অনুষদ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদভুক্ত সকল বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটে ভর্তির জন্য। |
| কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট | কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটে ভর্তির জন্য। |
| ব্যবসায় শিক্ষা ইউনিট | বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত সকল বিভাগে ভর্তির জন্য। |
| চারুকলা ইউনিট | চারুকলা অনুষদভুক্ত সকল বিভাগে ভর্তির জন্য। |
| আইবিএ ইউনিট | ব্যবসায় প্রশাসন ইনিস্টিটিউটে ভর্তির জন্য। |

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি নিম্নরূপ :**

| ইউনিট | পরীক্ষার তারিখ | বার | সময়সূচি |
|---|---|---|---|
| কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট | ১৩/১২/২০২৫ | শনিবার | সকাল ১১:০০টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত |
| বিজ্ঞান ইউনিট | ২০/১২/২০২৫ | শনিবার | সকাল ১১:০০টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত |
| ব্যবসায় শিক্ষা ইউনিট | ০৬/১২/২০২৫ | শনিবার | সকাল ১১:০০টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত |
| চারুকলা ইউনিট (সাধারণ জ্ঞান ও অঙ্কন) | ২৯/১১/২০২৫ | শনিবার | সকাল ১১:০০টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত |
| আইবিএ ইউনিট | ২৮/১১/২০২৫ | শুক্রবার | সকাল ১০:০০টা থেকে ১২:০০ মিনিট পর্যন্ত |

চারুকলা ইউনিট এর ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) একই দিনে অনুষ্ঠিত হবে বিধায় এই ইউনিটের এবং আইবিএ ইউনিটের ভর্তি পরীক্ষা শুধুমাত্র ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

সমতা নিরূপণ ও ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি https://admission.eis.du.ac.bd ওয়েবসাইটে দেখার জন্য পরামর্শ দেয়া হলো।

২০/১০/২০২৫

মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)